



জগন্নাথ বিশ্ববিদ্যালয়

ঢাকা-১১০০, বাংলাদেশ



জবি/প্রশা-৩২(১০৫)/২০১১/২১৩

তারিখ: ০২ জানুয়ারি, ২০২৩ খ্রি.

পরিচালক, সকল ইনস্টিটিউট
চেয়ারম্যান, সকল বিভাগ
জগন্নাথ বিশ্ববিদ্যালয়।

বিষয়: বার্ষিক প্রতিবেদন প্রকাশের জন্য ইতঃপূর্বে প্রেরিত শিক্ষকগণের গবেষণা ও প্রকাশনা এবং বিভাগীয় কার্যক্রমের তথ্যাদি সংশোধন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষের বার্ষিক প্রতিবেদন প্রকাশের জন্য অনুমোদিত নীতিমালা, নির্ধারিত ছক ও নির্দিষ্ট সময়কালের তথ্য চেয়ে আপনার ইনস্টিটিউট/বিভাগে পত্র দেয়া হয়েছিল। সেপ্রেক্ষিতে কিছু ইনস্টিটিউট/বিভাগ সঠিকভাবে তথ্য প্রেরণ করলেও বেশিরভাগ ইনস্টিটিউট/বিভাগ থেকে নীতিমালা, নির্দিষ্ট ছক ও জুলাই/২০২০ থেকে জুন/২০২১ পর্যন্ত সময়কাল অনুযায়ী তথ্য পাওয়া যায়নি। ফলে বার্ষিক প্রতিবেদন প্রকাশে বিলম্ব হচ্ছে। জরুরিভিত্তিতে বার্ষিক প্রতিবেদন প্রকাশের লক্ষ্যে প্রাপ্ত তথ্যাদি 'নীতিমালা' ও 'ছক' মোতাবেক সংশোধন করা প্রয়োজন।


সেলক্ষ্যে কমিটি'র নিম্নবর্ণিত ০৩ জন সম্মানিত সদস্য/কর্মকর্তা-কে ইনস্টিটিউট/বিভাগ থেকে নীতিমালা, নির্দিষ্ট ছক ও জুলাই/২০২০ থেকে জুন/২০২১ পর্যন্ত সময়কাল অনুযায়ী তথ্য সংগ্রহের দায়িত্ব দেয়া হলো। কর্মকর্তাগণ আগামী ০৩-১৯ জানুয়ারি/২০২৩ তারিখের মধ্যে আপনার ইনস্টিটিউট/বিভাগে তথ্য সংশোধন বিষয়ে যোগাযোগ করবে। এ বিষয়ে তাঁদেরকে সার্বিক সহযোগিতা করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো:

- ১। জনাব মোহাম্মদ মশিরুল ইসলাম, ডেপুটি রেজিস্ট্রার ও সদস্য, বার্ষিক প্রতিবেদন প্রকাশ সংক্রান্ত কমিটি কলা ও বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিভাগসমূহ
- ২। জনাব মোঃ সাইফুল ইসলাম, উপ-পরিচালক (PRIP) ও সদস্য, বার্ষিক প্রতিবেদন প্রকাশ সংক্রান্ত কমিটি বিজ্ঞান ও সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগসমূহ
- ৩। জনাব মোঃ শহীদুল্লাহ, ডেপুটি রেজিস্ট্রার ও সদস্য-সচিব, বার্ষিক প্রতিবেদন প্রকাশ সংক্রান্ত কমিটি আইন অনুষদ, লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদভুক্ত বিভাগসমূহ, আইইআর ও আইএমএল

এমতাবস্থায়, আপনার ইনস্টিটিউট/বিভাগ থেকে ইতঃপূর্বে প্রেরিত শিক্ষকগণের গবেষণা ও প্রকাশনা এবং বিভাগীয় কার্যক্রমের তথ্যাদি নীতিমালা, নির্দিষ্ট ছক ও জুলাই/২০২০ থেকে জুন/২০২১ পর্যন্ত সময়কাল অনুযায়ী সংশোধন করে সফটকপি ই-মেইলে annualreport@jnu.ac.bd /Pen drive-এ জরুরিভিত্তিতে প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

উল্লেখিত বিষয়ে আপনার আন্তরিক সহযোগিতা একান্ত কাম্য।

মাননীয় উপাচার্য-এর অনুমোদনক্রমে,



অধ্যাপক ড. চঞ্চল কুমার বোস
পরিচালক (PRIP)

ও আহ্বায়ক

বার্ষিক প্রতিবেদন প্রকাশ ও মুদ্রণ কমিটি, জবি

তারিখ: ০২ জানুয়ারি, ২০২৩ খ্রি.

জবি/প্রশা-৩২(১০৫)/২০১১/২১৩
সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি:

- ১। পরিচালক (আইসিটি), (পত্রটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), জবি;
- ২। উপ-পরিচালক (অডিট), ট্রেজারার দপ্তর (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি;
- ৩। পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি;
- ৪। অফিস কপি।

মোঃ শহীদুল্লাহ

ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন)

ও সদস্য-সচিব

বার্ষিক প্রতিবেদন প্রকাশ ও মুদ্রণ কমিটি, জবি।